



# বাংলাদেশ শিপিং কর্পোরেশন

বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

Website: www.bsc.gov.bd

নং-১৮.১৬.০০০০.৩৫২.১১.০১১.১৯-

তারিখ ১৬-০৭-২০১৯।

## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ শিপিং কর্পোরেশনে নিম্নোক্ত শূন্য পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :-

ক্রঃ নং	পদের নাম	পদ সংখ্যা	বয়স	বেতনস্কেল (বিএসসির বেতনস্কেল- ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	উপ-মহাব্যবস্থাপক (জাহাজ মেরামত, ইঞ্জিনিয়ারিং/ নটিক্যাল)	০৩টি	৪০	৫২২০০-৫৪২৯০- ৫৬৪৭০-৫৮৭৩০- ৬১০৮০-৬৩৫৩০- ৬৬০৮০-৬৮৭৩০- ৭১৪৮০-৭৪৩৪০	প্রথম শ্রেণীর কম্পিউটার সার্টিফিকেট(মোটর) / প্রথম শ্রেণীর কম্পিউটার সার্টিফিকেট এবং উভয়ক্ষেত্রে উক্ত সার্টিফিকেট প্রাপ্তির পর সমুদ্রগামী জাহাজে ৩ বছরের অভিজ্ঞতা।
০২।	উপ-মহাব্যবস্থাপক (শিপিং পার্সোনেল, নটিক্যাল/ ইঞ্জিনিয়ারিং)	০১টি	৪০	৫২২০০-৫৪২৯০- ৫৬৪৭০-৫৮৭৩০- ৬১০৮০-৬৩৫৩০- ৬৬০৮০-৬৮৭৩০- ৭১৪৮০-৭৪৩৪০	প্রথম শ্রেণীর কম্পিউটার সার্টিফিকেট(ডেক/মোটর)/ প্রথম শ্রেণীর কম্পিউটার সার্টিফিকেট (মোটর) এবং উভয় ক্ষেত্রে উক্ত সার্টিফিকেট প্রাপ্তির পর সমুদ্রগামী জাহাজে ৩ বছরের অভিজ্ঞতা। অথবা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি এবং সংশ্লিষ্ট কাজে ৮ বছরের অভিজ্ঞতা।
০৩।	উপ-মহাব্যবস্থাপক (কার্গো সুপারভিশন এন্ড অপারেশন)	০১টি	৪০	৫২২০০-৫৪২৯০- ৫৬৪৭০-৫৮৭৩০- ৬১০৮০-৬৩৫৩০- ৬৬০৮০-৬৮৭৩০- ৭১৪৮০-৭৪৩৪০	প্রথম শ্রেণীর কম্পিউটার সার্টিফিকেট(ডেক) এবং উক্ত সার্টিফিকেট প্রাপ্তির পর সমুদ্রগামী জাহাজে ৩ বছরের অভিজ্ঞতা। অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সংশ্লিষ্ট কাজে ৮ বছরের অভিজ্ঞতা।

০১। আবেদনকারীকে সরকার (জনপ্রশাসন মন্ত্রণালয়) কর্তৃক চাকরীর নির্ধারিত আবেদন ফরম পূরণ করে আগামী ২২-০৮-২০১৯ তারিখের মধ্যে সচিব, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম-এর বরাবরে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখে/সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। স্মারক নং-১৮.১৬.০০০০.৩৫২.১১.০১১.১৮-৬৪৭ তারিখ ২৩-০৪-২০১৯ এর বিজ্ঞপ্তিমূলে ইতোপূর্বে আবেদনকৃত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে এবং বিএসসির ওয়েব সাইট [www.bsc.gov.bd](http://www.bsc.gov.bd) তে পাওয়া যাবে;

০২। আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে :

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত কপি; (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; (গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌর-সভার চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ও জাতীয় পরিচয়পত্র; (ঘ) সদ্য তোলা ০৪(চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রপিন ছবি; (ঙ) অভিজ্ঞতা সনদপত্র; (চ) বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম এর অনুকূলে ২০০০/- (দুই হাজার) টাকার (অফেরৎযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট; (ছ) সিডিসি এর সত্যায়িত কপি; (জ) সিওসি ক্লাস-১ এর সত্যায়িত কপি।

- (খ) মৌখিক পরীক্ষার সময় সব ধরনের সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- ০৩। প্রার্থীদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত ও মৌখিক/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;
- ০৪। কর্তৃপক্ষ সরকারী বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন। আবেদনপত্র গ্রহণ, বাছাই এবং নিয়োগের ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাংলাদেশ শিপিং কর্পোরেশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;
- ০৫। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ০৬। প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত ২০(বিশ) টাকা মূল্যের ডাক টিকেটসহ ৯"X৪" সাইজের ফেরৎ খাম আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে;
- ০৭। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে, কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না;
- ০৮। ভুল/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
- ০৯। নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তি/প্রার্থীকে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিস থাকতে হবে;
- ১০। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;
- ১১। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।



(খালেদ মাহমুদ)

সচিব

ও

সদস্য-সচিব

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি-১  
বাংলাদেশ শিপিং কর্পোরেশন

সতর্কীকরণ:

নিয়োগ সংক্রান্ত বিষয়ে কোন পক্ষের সাথে কোন প্রকার যোগাযোগ এবং আর্থিক লেনদেনের আলামত পাওয়া গেলে তা প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে এবং তাৎক্ষণিক প্রার্থীর আবেদন পত্রটি বাতিল হিসেবে বিবেচিত হবে।